

ক্যাম্পাসে নিরাপত্তার দাবিতে জাবিতে মশাল মিছিল

জাবি প্রতিনিধি

১৩ নভেম্বর,
২০২৪ ২১:১৬

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

অন্তর্বর্তীকালীন সরকার কর্তৃক জাতীয় এবং ক্যাম্পাসভিত্তিক সার্বিক নিরাপত্তা নিশ্চিতের দাবিতে মশার মিছিল করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষার্থীরা।

বুধবার (১৩ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৬টায় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শহীদ মিনার সামনে থেকে সংগঠন ‘অভ্যুত্থান রক্ষা আন্দোলন’-এর ব্যানারে একটি মশাল মিছিল বের করেন তারা। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান অনুষদ এবং বঙ্গবন্ধু হল সংলগ্ন সড়ক ঘুরে বটতলা এলাকায় এসে শেষ হয়। পরবর্তীতে মিছিল শেষে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ করেন শিক্ষার্থীরা।

আরো পড়ুন



ভারতে কিভাবে কেটেছে শেখ হাসিনার ১০০ দিন

এ সময় মিছিলে ‘সারা দেশের নিরাপত্তা, নিশ্চিত করো করতে হবে’, ‘ক্যাম্পাসে নিরাপত্তা, নিশ্চিত করে করতে হবে’, ‘শ্রমিকের নিরাপত্তা, নিশ্চিত করো করতে হবে’, ‘খুন নৈরাজ্যের ঠিকানা, স্বাধীন দেশে হবে না’, ‘শ্রমিক বাঁচলে বাঁচবে দেশ, চব্বিশের বাংলাদেশ’ ইত্যাদি স্লোগান দেন তারা।

সংক্ষিপ্ত সমাবেশে বিশ্ববিদ্যালয় সরকার ও রাজনীতি বিভাগের ৪৯তম ব্যাচের শিক্ষার্থী আঞ্জুম শাহরিয়ার বলেন, ‘এই সময়ে এসে আমাদের প্রত্যাশা ছিল প্রতিটি মানুষ রাষ্ট্রের কাছ থেকে যে নিরাপত্তা পাওয়ার কথা সেটি পাবে। কিন্তু

দুঃখজনকভাবে বলতে হয় অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব নেওয়ার তিন মাস পার হলেও দেশে এখনো বীভৎস হত্যাকাণ্ড হচ্ছে। এখনো তারা সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করছে না।

যার কারণে জন নিরাপত্তা প্রচণ্ডভাবে বিঘ্নিত হচ্ছে। ক্যাম্পাসগুলোতে বিশৃঙ্খলা থামছে না। অনতিবিলম্বে সব স্তরে নিরাপত্তা নিশ্চিতের দাবি জানাচ্ছি।’

এ সময় বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের ৫০তম ব্যাচের শিক্ষার্থী জিয়াউদ্দীন আয়ান বলেন, ‘এই সরকার আইন-শৃঙ্খলা জোরদার না করতে পারায় সিলেটের কানাই ঘাটের মুনতাহা হত্যা, বিভিন্ন সময়ে সীমান্তসহ সারা দেশে নানা হত্যাকাণ্ড ঘটে যাচ্ছে।

ফ্যাসিস্ট আমলে এমন হত্যা করেও খুনিরা পার পেয়ে যেত, আমরা চাই অন্তর্বর্তী সরকার এমন ব্যবস্থা নেবে যাতে ল’ এবং অর্ডার ঠিকভাবে চলে।’

